

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৮৫৪

 کاب الحج)

পরিচ্ছেদঃ ১৫/৭৮. কোন মুশরিক হজ্জ করবে না ও উলঙ্গ অবস্থায় কেউ বাইতুল্লাহ তাওয়াফ করবে না এবং হজ্জে আকবার দিনের বর্ণনা।

لا يحج البيت مشرك ولا يطوف بالبيت عريان وبيان يوم الحج الأكبر

## আরবী

حديث أبي بَكْرِ الصِّدِيقِ رضي الله عنه، عَنْ أبي هُرَيْرَةَ، أَن أَبَا بَكْرِ الصِّدِيقَ رضي الله عنه، بَعَتَهُ فِي الْحَجَّةِ الَّتِي أُمَّرَهُ عَلَيْهَا رَسُولُ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، قَبْلَ حَجَّةِ الْوَدَاعِ يَوْمَ النَّحْرِ، فِي رَهْطٍ، يُؤذِّنُ فِي النَّاسِ: أَلاَ لاَ يَحُجُّ بَعْدَ الْعَامِ مُشْرِكٌ، وَلاَ يَطُوفُ بِالْبَيْتِ عُرْيَانٌ

## বাংলা

৮৫৪. আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, বিদায় হজ্জের পূর্বে যে হাজ্জে আল্লাহর রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আবু বকর (রাঃ)-কে আমীর নিযুক্ত করেন, সে হজ্জে কুরবানীর দিন (আবূ বকর) আমাকে একদল লোকের সঙ্গে পাঠালেন, যারা লোকদের কাছে ঘোষণা করবে যে, এ বছরের পর হতে কোন মুশরিক হাজ্জ করবে না এবং উলঙ্গ হয়ে বায়তুল্লাহর তাওয়াফ করবে না।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ২৫ : হাজ্জ, অধ্যায় ৬৭, হাঃ ১৬২২; মুসলিম, পর্ব ১৫ : হাজ্জ, অধ্যায় ৭৭, হাঃ ১৩৪৭

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন